# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯০৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, এই হাদীসটি সা’ঈদ বিন আব্দুল আযীয এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ سَعِيدُ بْنُ عَبْدِ العزيز

---

আরবী

1903 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا هُشَيْمٌ قَالَ: أَخْبَرَنَا هِشَامُ بْنُ حَسَّانَ عَنْ قَيْسِ بْنِ سَعْدٍ عَنْ عَطَاءٍ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم كان إِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ قَالَ: (اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ مِلْءَ السَّمَاوَاتِ وَمِلْءَ الْأَرْضِ وَمِلْءَ مَا شِئْتَ مِنْ شَيْءٍ بَعْدُ أَهْلُ الثَّنَاءِ وَالْمَجْدِ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ وَلَا معطي لما منعت ولا ينفع ذا الجد منك الجد)
الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1903 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة))

বাংলা

১৯০৩. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ (আল্লাহ শ্রবণ করেন, যে তাঁর প্রশংসা করে) বলতেন, তারপর বলতেনرَبَّنَا وَلَكَ الْحَمْدُ مِلْءَ السَّمَاوَاتِ وَمِلْءَ الْأَرْضِ وَمِلْءَ مَا شِئْتَ مِنْ شَيْءٍ بَعْدُ أَهْلُ الثَّنَاءِ وَالْمَجْدِ أَحَقُّ مَا قَالَ الْعَبْدُ وَكُلُّنَا لَكَ عَبْدٌ لَا مَانِعَ لِمَا أعطيت ولا معطي لما منعت ولا ينفع ذا الجد منك الجد (হে আমাদের প্রভু। আর আসমানসমূহ পরিপূর্ণ, জমিন পরিপূর্ণ, উভয়ের মধ্যবর্তী স্থান ভর্তি এবং এছাড়াও যা কিছু আপনি ইচ্ছা করেন, সেসব পরিপূর্ণ সমস্ত প্রশংসা আপনার জন্যই। বান্দা যা বলে প্রশংসা ও মর্যাদার অধিকারী আল্লাহ বেশি হকদার। আমরা সবাই আপনার বান্দা। আপনি যা প্রদান করেন, তার বাধাদানকারী কেউ নেই, আর আপনি যা বারণ করেন, তা প্রদানকারীও কেউ নেই। আপনার (শাস্তির কবল) থেকে সম্পদশালীর সম্পদ কোন উপকার করতে পারে না)।”[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৪৬-২৪৭; সহীহ মুসলিম: ৪৭৮; সুনান বাইহাকী: ২/৯৪; আবূ আওয়ানা: ২/১৭৭; মুসনাদ আহমাদ: ১/১৭৬; নাসাঈ: ২/১৯৮; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২৩৯;

আবূ দাঊদ: ৮৪৭; আবূ আওয়ানা: ২/১৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৬১৩; মুসনাদ আহমাদ: ৩/৮৭; দারেমী: ১/৩০১; সহীহ মুসলিম: ৪৭৭; নাসাঈ: ২/১৯৮-১৯৯; সুনান বাইহাকী: ২/৯৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭৯৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91119

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন